গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
----
----

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত আছে। বাংলাদেশের উপকূলীয় এলাকা, উত্তর বঙ্গোপসাগর ও সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন.) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ ভোর ০৫ টা দুপুর ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ারপূর্বাভাসঃ**

ঢাকা, ফরিদপুর, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, পাবনা, বগুড়া, রাজশাহী, টাংগাইল, ময়মনসিংহ, ও সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে পূর্ব/দক্ষিন-পূব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০১ নম্বর (পুনঃ) ০১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ২৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ মধ্য প্রদেশ, উড়িষ্যা, লঘুচাপের কেন্দ্রস্থল, ও বাংলাদেশ হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ**
**প্রথম দিন (২৫.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারদেশে দিন তাপমাত্রা **(২-৫)** ডিগ্রি সে. হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্র (১-২) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

**দ্বিতীয় দিন (২৬.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২৭.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারদেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.২ | ৩৪.২ | ৩৫.০ | ৩৬.০ | ৩৫.০ | ৩৫.০ | ৩৪.৫ | ৩৩.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.০ | ২৬.০ | ২৪.৩ | ২৫.০ | ২৫.০ | ২৫.২ | ২৪.৩ | ২৫.৩ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল নেত্রকোনা ৩৬.০$^{o}$ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কয়রা ২৪.৩$^{o}$ সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**
(১০আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ /২৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

- **দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।**
- রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। **আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন রংপুর বিভাগ ও তৎসংলগ্ন উজানে অতি ভারী বৃষ্টিপাতের (≤৮৯ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন দ্রুত বৃদ্ধি পেতে পারে। উক্ত সময়ে লালমনিরহাট, নীলফামারী, রংপুর ও কুড়িগ্রাম জেলার তিস্তা নদীর পানি সমতল সতর্ক-সীমায় প্রবাহিত হতে পারে, অপরদিকে কুড়িগ্রাম জেলার ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।**
- **চট্টগ্রাম বিভাগের গোমতী, মুহুরী, হালদা ও ফেনী নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,** অপরদিকে সাঙ্গু ও মাতামুহুরী নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। **আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত চট্টগ্রাম বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪ -৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত চট্টগ্রাম বিভাগের গোমতী, হালদা, ফেনী ও মুহুরী নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।** অপরদিকে আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত মাতামুহুরী ও সাঙ্গু নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে। পরবর্তী ২ দিনে ভারী বৃষ্টিপাতের প্রবণতা কমে আসার সম্ভাবনা রয়েছে, যার প্রেক্ষিতে চট্টগ্রাম বিভাগের নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। **আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ২ দিন পর্যন্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে আগামী ২ দিন পর্যন্ত সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।** পরবর্তী ১ দিনে সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে। **অন্যান্য প্রধান নদীসমূহ— খোয়াই ও ধলাই নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে,** অপরদিকে মনু, সারিগোয়াইন, যাদুকাটা, সোমেশ্বরী ও ভুগাই-কংশ নদীর পানি

সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। **আগামী ২ দিন পর্যন্ত সিলেট বিভাগের এই সকল নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে। পরবর্তী ১ দিন পর্যন্ত সিলেট বিভাগের এই সকল নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে ।**

- বরিশাল ও খুলনা বিভাগের উপকূলীয়/জোয়ারভাটা প্রবণ নদীসমূহে স্বাভাবিক জোয়ার পরিলক্ষিত হচ্ছে। **বাংলাদেশ আবহাওয়া সংস্থার তথ্যানুযায়ী, পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে এবং আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত উপকূলীয় অঞ্চলে ভারী বৃষ্টিপাতের (৪৪-৮৮ মি.মি/২৪ ঘণ্টা) প্রবণতা রয়েছে। এর প্রেক্ষিতে আগামী ২৪ ঘণ্টায় বরিশাল ও খুলনা বিভাগের উপকূলীয় নদীসমূহে স্বাভাবিক জোয়ারের থেকে কিছুটা অধিক উচ্চতার জোয়ার পরিলক্ষিত হতে পারে** এবং পরবর্তী ২ দিনে নদীসমূহে স্বাভাবিক জোয়ার পরিলক্ষিত হতে পারে।
- **রাজশাহী বিভাগের গঙ্গা নদী ও তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে** এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং তার পরবর্তী ৪ দিনে পানি সমতল ধীর গতিতে হ্রাস পেতে পারে।
- রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদ ও তার ভাটিতে যমুনা নদীর পানিসমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ০২ দিন পর্যন্ত ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং **পরবর্তী ০৩ দিন পানি সমতল বৃদ্ধি পেতে পারে।**

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৪৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৫৯ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৮ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০০ |
| **পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে** | | | |
| **বিপদসীমার উপরে জেলার সংখ্যা** | ০০ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০০ |
| **বিপদসীমার উপরে নদীসমূহের নাম** | - | | |
| **বিপদসীমার উপরে জেলার নাম** | - | | |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে: **নেই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| ঠাকুরগাঁ | ১৪০.০ | ডালিয়া (নীলফামারী) | ৫৩.০ |
| মহেশখোলা (সুনামগঞ্জ) | ৫২.০ | পঞ্চগড় | ৫০.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ নেই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|
| দার্জিলিং (পশ্চিম বঙ্গ) | ১৪২.০ | | কৈলাশহর (ত্রিপুরা) | ৭৫.০ |
| কালিম্পং (পশ্চিম বঙ্গ) | ৫৪.০ | | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৪৪.০ |

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ২ | ০ | ০ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | মোট | ১৩ | ০ | ০ |

২৫-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩/১ (১১)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৫। বিভাগীয় কমিশনার (সকল);
৬। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৭। জেলা প্রশাসক (সকল);
৮। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। প্রোগ্রামার (চলতি দায়িত্ব ), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
১১। সহকারী পরিচালক (সকল)।

২৫-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা